দৈনিক জনকণ্ঠ

20 JAN 2017 ৮

বেসরকারী শিক্ষা-প্রতিষ্ঠান

# শিক্ষক কর্মচারী ট্রাস্টের জন্য ১৭০ কোটি টাকার বাজেট অনুমোদন

স্টাফ রিপোর্টার ॥ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের জন্য ১৭০ কোটি টাকা বাজেট অনুমোদন করা হয়েছে। বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোতে (ব্যানবেইস) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের বোর্ড সভায় এ অনুমোদন দেয়া হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন। ট্রাস্টি বোর্ডের সদস্য সচিব অধ্যক্ষ মোঃ শাহজাহান আলম সাজু সভায় ২০১৫ সালের ডিসেম্বর পর্যন্ত মোট ১০ হাজার ৯১২ জন অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীর আবেদনের বিপরীতে ১৭০ কোটি টাকার বাজেট উপস্থাপন করলে বোর্ড তা অনুমোদন করে।

কল্যাণ ট্রাস্টের ইতিহাসে একক কোন বোর্ড সভায় এটাই সর্বোচ্চ বরাদ্দ। সভায় মাউশি অধিদফতরের মহাপরিচালক প্রফেসর শেখ মোঃ ওয়াহিদুজ্জামান, কারিগর শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাসসহ বোর্ডের ২১ জন সদস্যের সবাই উপস্থিত ছিলেন।